# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ৫ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২০ জুন, ২০১৭ |
| সময় | ঃ | বেলা ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:-

আলোচ্য বিষয়-১: ৩১ মে, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ৩১ মে, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ৪র্থ বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি) এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৭ সালের ৪র্থ বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয়-২: মে, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা : এপ্রিল, ২০১৭ মাসে বিভিন্ন খাতে ৮৪,৫৮,৮৫৩/- (চুরাশি লক্ষ আটান্ন হাজার আটশত তিপ্পান্ন) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৪,০৪,৮৩,৬৯৮/- (চৌদ্দ কোটি চার লক্ষ তিরাশি হাজার ছয়শত আটানব্বই) টাকার বিপরীতে মে, ২০১৭ তারিখ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ১৬,৫৩,৭০,৬৮০/- (ষোল কোটি তিপ্পান্ন লক্ষ সত্তর হাজার ছয়শত আশি) টাকা। সভায় আলোচনাক্রমে জানানো হয় যে, নতুন নতুন আয়ের খাত ও করের পরিধি বৃদ্ধির কারণে প্রাক্কলিত রাজস্ব আয়ের চেয়ে বেশী আদায় হয়েছে।

সিদ্ধান্ত : রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ভবিষ্যতে বকেয়া করের আদায়ের হারসহ প্রতিবেদন উপস্থাপনের পরামর্শ প্রদান করা হলো।

আলোচ্য বিষয়-৩: মে, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা : মে, ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ৩,০৪,৪৬,০৭৮/- (তিন কোটি চার লক্ষ ছেচল্লিশ হাজার আটাত্তর) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ মে, ২০১৭ মাসে সর্বমোট আয় ৫,৫৫,৪৫,৬৭৬/- (পাঁচ কোটি পঞ্চান্ন লক্ষ পঁয়তাল্লিশ হাজার ছয়শত ছিয়াত্তর) টাকা। অপরদিকে মে, ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৪,৩১,৮৫,৬৯৪/- (চার কোটি একত্রিশ লক্ষ পঁচাশি হাজার ছয়শত চুরানব্বই) টাকা।

সিদ্ধান্ত : মে, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪: ২০১৭-২০১৮ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭-২০১৮ আর্থিক সালের প্রস্তাবিত বাজেটটি ক্যান্টনমেন্টস একাউন্ট কোডের চ্যাপ্টার্ড-৫ এর ধারা ১৬ হতে ১৮ এবং ১৯৬৬ সালের বাজেট রুলে বর্ণিত বিধি বিধানের আলোকে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত বাজেটে বোর্ডের ব্যয়ের তুলনায় আয় সীমিত বিধায় ব্যয়ের খাতসমূহের টাকার পরিমাণ যতটুকু সম্ভব হ্রাস করে বাস্তবভিত্তিক ভাবে ২০১৭-২০১৮ আর্থিক সালের বাজেটে ব্যয়ের প্রস্তাব রাখা হয়েছে। ২০১৭-২০১৮ আর্থিক সালের বাজেটে মোট ৪,১৭,৬২,০০০/- (চার কোটি সতের লক্ষ বাষট্টি হাজার) টাকা প্রারম্ভিক জেরসহ সর্বমোট ১২১,৪৮,৩৪,০০০/- (একশত একুশ কোটি আটচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা আয়ের প্রস্তাব করা হয়েছে। উক্ত টাকার মধ্যে স্থানীয় উৎস হতে মোট ২৮,৪৬,১৫,৫০০/- (আটাশ কোটি ছেচল্লিশ লক্ষ পঁনের হাজার পাঁচশত) টাকা দেখানো হয়েছে। অপরদিকে ২০১৭-২০১৮ আর্থিক সালের প্রস্তাবিত বাজেটে সমাপণী জের ৫,৪৭,৯০,০০০/- (পাঁচ কোটি সাতচল্লিশ লক্ষ নব্বই হাজার) টাকাসহ সর্বমোট ১২১,৪৮,৩৪,০০০/- (একশত একুশ কোটি আটচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।

সিদ্ধান্ত : আগামী সভায় বাজেট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৫: মে, ২০১৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। আসন্ন বর্ষা মৌশুমে মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণে রাখার জন্য সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে কীট নাশক ঔষধ সংগ্রহের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : আসন্ন বর্ষা মৌশুমে সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখাসহ মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণের রাখার সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের যাতে কোন প্রাদুর্ভাব না ঘটে তা নিশ্চিত করতে হবে।

আলোচ্য বিষয়-৬: মে, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : মে, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৮৩টি জন্ম নিবন্ধন ও ০৮টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১৬ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত : প্রত্যাশী ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-৭: মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, HVAC) কাজের জন্য নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান লায়ন্স ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেস-কে পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে জমাকৃত পে-অর্ডার ফেরত দিয়ে ব্যাংক গ্যারান্টি জমা রাখার অনুমতি প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ, HVAC) কাজের জন্য লায়ন ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেসকে কার্যাদেশ প্রদান করা হয়। চুক্তির শর্ত অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে ১,২৬,৭৬,৪২১/- (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার চারশত একুশ) টাকার পে-অর্ডার অত্র দপ্তরে জমা করেন। বর্তমানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এসির চিলারসহ অন্যান্য মালামালের এলসি করত: এলসির কপি অত্র দপ্তরে জমা করেছেন। পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে জমাকৃত ১,২৬,৭৬,৪২১/- (এক কোটি ছাব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার চারশত একুশ) টাকার পে-অর্ডারটি ফেরত নিয়ে সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি জমা করার বিষয়ে গত ১০/৪/২০১৭ তারিখের ০৯০৪১৭/১৭ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে আবেদন করেন। উল্লেখ্য যে বর্তমানে নির্মাণ সাইটে ডাক্টিং এর কাজ চলছে। ইতোমধ্যে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সম্পন্ন করা হয়েছে। যেহেতু ইতোমধ্যে চিলারসহ সংশ্লিষ্ট মালামালের এলসি খোলা হয়েছে সেহেতু পে-অর্ডার ফেরত দিয়ে সমপরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি জমার নেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ইলেকট্রোমেকানিক্যাল (কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, HVAC) কাজের জন্য নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান লায়ন্স ইলেকট্রোমেকানিক্যাল সার্ভিসেস-কে পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে জমাকৃত পে-অর্ডার ফেরত দিয়ে সমপরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি জমা রাখার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৮: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবাদলিল মুলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-এ/৬ (৭ম তলা উত্তর-পূর্ব) রোড নং-১০, ক্যান্টনমেন্ট | (১) লেঃ কর্ণেল এম নুরুল হক (অবঃ) (নিজ এবং জনাব মোহাম্মদ আবু তারেক এর নিযুক্তীয় আম- | মিসেস রাশিদা খানম স্বামী-জনাব মোঃ আবদুল হামিদ, বাড়ী নং-৬, রোড নং-লেক ড্রাইভ রোড, নিকুঞ্জ-০১, খিলক্ষেত, | ১৩ জুন ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮ ০০.০৩.০২৮.০ ১.১৩.১৭ নং পত্র। | ১৪/৬/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-৪৬/ফ্লাট নং-এ/৬(৭ম | ফ্ল্যাটের আয়তন ২২৬০ বঃফুঃ, নিচতলায় ০১ টি কারপার্কিং স্থান (পার্কিং নং-এ/৬)এবং |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মোক্তার), পিতা- মৃত মোঃ কালু মিয়া (২) জনাব মোহাম্মদ আবুল হাসনাত, (৩) জনাব মোহাম্মদ সাজেদুল হক, (৪) ডাঃ সাবরিনা নুর, সর্বপিতা-লেঃ কর্ণেল এম নুরুল হক (অবঃ), বাড়ী নং-৪৬, রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ঢাকা-১২২৯। তারিখ- ১৯ জুন ২০১৭ | | তলা উত্তর-পূর্ব)/২৩ নং পত্র। | আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। |
| ২. | প্লট নং-৪৩/বি, ফ্ল্যাট নং-৩/বি (৩য় তলা), রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ মোতাহার হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, হাইটেক প্রপার্টি প্রাঃ লিঃ (জনাব তৌহিদুল আনোয়ার ও জনাব শহিদুল আনোয়ার এর নিযুক্তীয় আম-মোক্তার), ৯৫ নং নিউ এলিফ্যান্ট রোড, ধানমন্ডি, ঢাকা। | মিসেস নাজনীন নাহার পিতা- মোঃ আনোয়ার হোসেন ভূঁইয়া, বাড়ী নং-৪৩/বি, ফ্ল্যাট নং-৩/বি, রোড নং-৯, ক্যান্টনমন্টে বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-২৭/১০/২০১৬ | ০৩ সেপ্টেম্বর ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র। | ২০/১০/২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/বি/ফ্লাট নং-/৩/বি/১১ নং পত্র | ফ্ল্যাটের আয়তন ১৪১৩ বঃফুঃ, নিচতলায় ০১ টি কারপার্কিং স্থান এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। |

আলোচনা : (ক) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে ৪৬ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ২২৬০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৬ (৭ম তলার উত্তর-পূর্ব) নং ফ্ল্যাটটি ও নিচতলায় ১টি কার পার্কিং (পার্কিং নং-এ/৬) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১৪ জুন ২০১৭ তারিখে মিনিটশীটের মাধ্যমে অনুমোদনের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ১৪ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪৬/ফ্ল্যাট নং-এ/৬ (৭ম তলা উত্তর-পূর্ব)/২৩ নং পত্রের মাধ্যমে মিসেস রাশিদা খানম, স্বামী-জনাব মোঃ আবদুল হামিদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। ক্রেতা মিসেস রাশিদা খানম, স্বামী-জনাব মোঃ আবদুল হামিদ এর রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে উল্লেখিত ফ্ল্যাটটি তাঁর নামে নামজারীর জন্য ১৯ জুন, ২০১৭ তারিখে আবেদন করেছেন। উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ১,৩৮,০০০/-(এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা জুন, ২০১৭ পর্যন্ত পরিশোধ আছে।

(খ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডে ৪৩/বি নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর ১৪১৩ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩/বি (৩য় তলা) নং ফ্ল্যাটটি ও নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ ক্যান্টনমেন্ট বোর্ডের ২০ অক্টোবর ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/বি/ফ্ল্যাট নং-/৩/বি/১১ নং পত্রের মাধ্যমে মিসেস নাজনীন নাহার, স্বামী-গোলাম রব্বানী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তার নামে নামজারী করার জন্য ২৭ অক্টোবর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত ফ্ল্যাটের বার্ষিক গৃহকর ৯,০০০/-(নয় হাজার) টাকা জুন, ২০১৭ পর্যন্ত পরিশোধ আছে। উক্ত ফ্ল্যাটটি নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ৮.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে ৪৬ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ২২৬০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৬ (৭ম তলার উত্তর-পূর্ব) নং ফ্ল্যাটটি ও নিচতলায় ১টি কার পার্কিং (পার্কিং নং-এ/৬) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ মিসেস রাশিদা খানম, স্বামী-জনাব মোঃ আবদুল হামিদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের ঘটনোত্তর অনুমোদনসহ নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

৮.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডে ৪৩/বি নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর ১৪১৩ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩/বি (৩য় তলা) নং ফ্ল্যাটটি ও নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা মিসেস নাজনীন নাহার, স্বামী-গোলাম রব্বানীর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৯: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম ও ১১তম তলা ফ্লোর/স্পেস ১০(দশ) বছর মেয়াদে ভাড়া প্রদানের নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম তলা ৭৯৫০ বর্গফুট ও ১১তম তলা ৬৫৪১ বর্গফুট অর্থাৎ মোট ১৪,৪৯১ বর্গফুট ফ্লোর/স্পেস ১০(দশ) বছর মেয়াদে ভাড়া প্রদানের নিমিত্তে ১৫ জুন ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৫(পাঁচ) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের মধ্যে জনাব মোঃ শামীমুল ইসলাম ও জনাব মনির হোসেন কর্তৃক ১০ম ও ১১তম তলা ফ্লোর/স্পেস এর মোট ১৪৪৯১ বর্গফুট আয়তনের জন্য প্রতি বর্গফুট মাসিক ভাড়া প্রথম ০৩(তিন) বছর ২৫/-(পঁচিশ) টাকা হারে ৩,৬২,২৭৫/-(তিন লক্ষ বাষট্টি হাজার দুইশত পঁচাত্তর) টাকা এবং পরবর্তী ৭(সাত) বছর প্রতি বর্গফুট ৫০/-(পঞ্চাশ) টাকা হারে ৭,২৪,৫৫০/-(সাত লক্ষ চব্বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। প্রাপ্ত দরপত্রসমূহ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রঃ নং | দরদাতার নাম | সরকারী দর (ভাড়া প্রতি বর্গফুট) | প্রাপ্ত দর (ভাড়া প্রতি বর্গফুট) | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শামীমুল ইসলাম ও জনাব মনির হোসেন | ২৫/-১ম তিন বছর | ২৫/- ১ম ০৩ বছর | ৩,৬২,২৭৫/- |
| | | ৫০/- পরবর্তী ৭ বছর | ৫০/- পরবর্তী ৭ বছর | ৭,২৪,৫৫০/- |
| ২। | জনাব মোঃ আবদুস সালাম গনি | ২৫/-১ম ০৩ বছর | ২০/- ১ম ০৩ বছর | ২,৯৭,০৬৫/৫০ |
| | | ৫০/-পরবর্তী ৭ বছর | ৫০/- পরবর্তী ৭ বছর | |
| ৩। | জনাব মোহাম্মদ কামরুল আলম তালুকদার | ২৫/-১ম ০৩ বছর | ১৬/-১ম ৫ বছর | ২,৩১,৮৫৬/- |
| | | ৫০/-পরবর্তী ৭ বছর | ৩২/- পরবর্তী ৭ বছর | ৪,৬৩,৭১২/- |
| ৪। | মিসেস রিফাত ইসলাম | ২৫/-১ম ০৩ বছর | প্রতি বর্গফুট = ১৮/- | ২,৬০,৮৩৮/- |
| | | ৫০/-পরবর্তী ৭ বছর | | |
| ৫। | জনাব জসিম উদ্দিন আহমেদ | ২৫/-১ম ০৩ বছর | ২৩/৫০, ১ম ৪ বছর | ৩,৪০,৫৩৮/৫০ |
| | | ৫০/-পরবর্তী ৭ বছর | ৪০/৫০,পরবর্তী ৬ বছর | ৫,৮৬,৮৮৫/৫০ |

এমতাবস্থায় জনাব মোঃ শামীমুল ইসলাম ও জনাব মোঃ মনির হোসেন এর যৌথভাবে দাখিলকৃত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম ও ১১তম তলার মোট ১৪,৪৯১ (চৌদ্দ হাজার চারশত একানব্বই) বর্গফুট ফ্লোর/স্পেস প্রথম ০৩(তিন) বছর প্রতি বর্গফুট ২৫/- (পঁচিশ) টাকা প্রতি মাস এবং পরবর্তী ০৭(সাত) বছর মাসিক ৫০/- (পঞ্চাশ) টাকায় জনাব মোঃ শামীমুল ইসলাম ও জনাব মোঃ মনির হোসেন-কে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ভাড়ার নিরাপত্তা জামানত বাবদ ফেরতযোগ্য ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে, যা ১০(দশ) বছর মেয়াদান্তে ফেরত প্রদান করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১০: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-১২ নং দোকান ইজারার নিমিত্তে প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ১০(দশ) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে ১৫ জুন ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে জনাব সৈয়দ আল আমিন, পিতা-মোঃ নুরুল আমিন কর্তৃক ১১১.৮৩ বর্গফুট বিশিষ্ট ৬ষ্ঠ তলার ১২ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ১২,১০৩/-টাকা হারে মোট ১৩,৫৩,৪৭৮/- (তের লক্ষ তেপ্পান্ন হাজার চারশত আটাত্তর) টাকার দর দাখিল করেন। উল্লেখ্য যে, ৬ষ্ঠ তলার দোকানের সরকারী দর প্রতি বর্গফুট ১২,০০০/-(বার হাজার) টাকা নির্ধারিত রয়েছে। এমতাবস্থায় জনাব সৈয়দ আল আমিন, পিতা-মোঃ নুরুল আমিন কর্তৃক প্রদত্ত ১৩,৫৩,৪৭৮/- (তের লক্ষ তেপ্পান্ন হাজার চারশত আটাত্তর) টাকার দরটি অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার-১২ নং দোকান ইজারার নিমিত্তে প্রাপ্ত ১৩,৫৩,৪৭৮/- (তের লক্ষ তেপ্পান্ন হাজার চারশত আটাত্তর) টাকার দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১১: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র: নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) লঃ কর্ণেল (অবঃ) এস এম মাহমুদুল হাসান<br>(খ) এয়ার কমডোর এ বি এম মোস্তাফিজুর রহমান | ৪৭৪<br>৪৭৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬(ছয়) তলা (৩য় তলায় ৪ ইউনিটে রূপান্তরকরণ) |
| ২। | (ক) কর্ণেল (অবঃ) মোঃ আব্দুল বাতেন<br>(খ) মেজর (অবঃ) এ কে এম আফজাল হোসেন | ৫৩২<br>৫৩৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৭ম তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিটে রূপান্তর) |
| ৩। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোহাম্মদ রেজাউল আলম চৌধুরী | ৬১৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৪। | মিসেস জেবুন্নেসা আলী<br>স্বামী- কমডোর জুলফিকার আলী বিএন (অবঃ) | ২৭০ | মহাখালী ডিওএইচএস | ১১/৬/১৭ | সংশোধিত ০৭(সাত) তলা (চার তলা পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| ৫। | জনাব মোঃ আবু তৈয়ব | ৩৪৯ | মহাখালী ডিওএইচএস | ২৯/৫/১৭ | সেমি বেজমেন্ট ও ০৭(সাত) তলা |
| ৬। | জিই(আর্মি) সেন্ট্রাল, ঢাকা সেনানিবাস। | প্লট নং-১২/এ, রোড নং-১ এবং প্লট নং-৪১, রোড নং-৭ | ক্যান্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | | ০২টি প্লটে দোতলা দুটি ভবন নির্মাণ। (১৮ জুন ২০১৭ তারিখে কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন প্রয়োজন) |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ০৬টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ১১.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে অত্র বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১১ এর ক্রমিক নং-৪ ও ৫ এর ০২টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১১.২। ক্রমিক নং-১ ও ২ এ উল্লিখিত ০২ (চার)টি ভবনের আভ্যন্তরীন পরিবর্তনের নকশা যদি কোন অননুমোদিত নির্মাণ থাকে তবে তা অপসারণ সাপেক্ষে অনুমোদন করা হলো।

১১.৩। ক্রমিক নং-৩ এ উল্লেখিত ০১টি প্লটের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাটি এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

১১.৪। ক্রমিক নং-৬ এ উল্লেখিত ২টি প্লটে জিই(আর্মি) সেন্ট্রাল, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত দোতলা ২টি ভবনের নকশা ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধঅন্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার পার্কে আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ২৪,২৪,৩২০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/বোর্ড তহবিল | মহাখালী ডিওএইচএস পরিষদের ১৯/৫/২০১৭ তারিখের পত্র ও সেনাসদরের ৩১/৫/২০১৭ তারিখের পত্র। |
| ২। | সেনানিবাসে ভিভিআইপি আগমন উপলক্ষ্যে শহীদ জাহাঙ্গীর গেইট হতে সেনাসদর পর্যন্ত আইল্যান্ড, ডিভাইডার, গ্রীল রংকরণ, প্লাস্টিক ডিভাইডার ধৌতকরণ, ফুটপাতে ক্ষতিগ্রস্ত পেভড টাইলস্ পুনঃস্থাপন, রোড মার্কিং ও হানিকম্ব স্টীকার স্থাপন কাজ। | ২,৯৮,৫০০/- | বোর্ড তহবিল | স্টেশন সদর দপ্তরের ০৪/৬/২০১৭ তারিখের পত্র। |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ (ভবন-২) ৪র্থ তলা (দক্ষিণ পার্শ্ব) মেরামত ও রংকরণ কাজ। | ৮৪,৫২৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | বরাদ্দলাভকারীর আবেদনের প্রেক্ষিতে |
| ৪। | ১৩ এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে সিএসডি'র সম্মুখ হতে পুরাতন ডিভাইডার ও জিআই পাইপের রেলিং অপসারণ করে ইউসুফ রোড, আজিজপল্লী ও আদমজী কলেজের সম্মুখে মেরামত, রংকরণসহ পুনঃস্থাপন কাজ। | ১,৫৩,৮৫২/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিটের ১৭/৫/১৭ তারিখের পত্র |
| ৫। | বনানী এমপি চেকপোষ্টের দক্ষিণাংশে জলাবদ্ধতা দূরীকরণের জন্য আরসিসি পাইপ ড্রেন (১৪৫ লম্বা, ১৮" ডায়া) স্থাপন কাজ এবং বিদ্যমান ড্রেন পরিস্কারকরণ। | ২,৪৮,৭০০/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে |
| ৬। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের এভিনিউ-২ (৬০ চওড়া রাস্তা) এর বিভিন্ন স্থানে পানি জমে থাকা ও গর্ত হওয়ার কারণে রাবিশ সরবরাহ ও স্থাপন কাজ। | ৩,৩৪,১৮৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | ডিওএইচএস পরিষদের ২৭/৫/২০১৭ তারিখের পত্র। |
| ৭। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-২৮ হতে পিলার নং-২৯ পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৪৪,২২,৯০৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | ১৪ জুন ২০১৭ তারিখে কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন প্রয়োজন। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১২ এর ০৭টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৩ এ বর্ণিত মোট ০১টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ২, ৪, ৫, ৬ ও ৭ এ বর্ণিত মোট ০৬টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রঃ নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | বা বি বা ঘাঁটি বাশার নিয়ন্ত্রিত অফিসার্স আবাসিক এলাকায় শিশুপার্কের ১১টি আধুনিক খেলনা সরবরাহ ও বিদ্যমান খেলনা মেরামত কাজ। | ৯,৯৪,০০০/- | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৯,৯৪,০০০/- | বোর্ড তহবিল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। | ঢাকা সেনানিবাসস্থ বনানী এমপি চেকপোষ্টে অত্যাধুনিক গেইট নির্মাণে দক্ষিণাংশে ম্যুরালসহ অন্যান্য সৌন্দর্য বর্ধক কাজ। | ৬২,৮৪,৩০৭/- | মেসার্স প্রীতি কনস্ট্রাকশন | ৬২,৭৬,৫২৫/- | বোর্ড তহবিল |
| ৩। | মিরপুর ডিওএইচএস এর এভিনিউ-১, ৩, ৩, ৪, ৬ এর নিরাপত্তা বাতির কন্ট্রোল বক্স পরিবর্তন কাজ। | ৮১,৪৩৬/- | এ, বি, সি, ট্রেডার্স | ৮১,৪৩৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের সামনে গাড়ী পার্কিং এর জায়গায় গাইড ওয়াল পুনঃ নির্মাণ ও গ্রীল স্থাপন কাজ। | ২,৪৮,৪৩৮/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২,৪৮,৪৩৮/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৫। | বারিধারা ডিওএইচএস এলাকার প্রধান সড়ক স্কুল গেইট হতে অনন্যা শপিং কমপ্লেক্স পর্যন্ত রাস্তা কার্পেটিং (প্লান্ট মেথড) কাজ। | ১,১৬,১৪,০০০/- | মেসার্স ঢাকা রাইস এজেন্সী | ১,১৬,১৪,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল |
| ৬। | বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে বারিধারা গেইট পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বে নিরাপত্তা দেয়াল উঁচুকরণ কাজ। | ১১,৭৬,৮৪০/- | মেসার্স সৌরভ এন্টারপ্রাইজ | ১১,৭৬,৮৪০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/বোর্ড তহবিল |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোডের স্টীলের গেইট অপসারণ করে দেয়াল নির্মাণসহ ৭ এবং ১০ নং রোডের ড্রেন মেরামত ও স্লাব নির্মাণ কাজ। | ৫৯,৫৫৭/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৫৯,৫৫৭/- | নর্দমা খাত |
| ৮। | রজনীগন্ধা সুপার মার্কেটের ৫০০ কেভিএ বিদ্যুৎ উপকেন্দ্র ওভারহোলিং এবং পিএফআই মেরামতকরণ কাজ। | ২,৩৫,৮৮০/- | মেসার্স এএন্ডডি ব্রাদার্স | ২,৩৫,৮৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৯। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের ০২টি জেনারেটর মেরামত ও সার্ভিসিংকরণ কাজ। | ৬৭,১০০/- | মেসার্স এএন্ডডি ব্রাদার্স | ৬৭,১০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১০। | মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন সড়কে ব্যবহারের জন্য ৩০০টি ৩২ ওয়াটের এনার্জি সেভিং বাল্ব সরবরাহকরণ কাজ। | ১,২৩,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,২৩,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল |
| ১১। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার (খুলনা-১১-০১৬৯) মেরামত কাজ। | ৩,৩০,০০০/- | মেসার্স মনির এন্ড কোং | ৩,২৯,৫০৫/- | বোর্ড তহবিল |
| ১২। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের প্রকৌশল শাখা, গ্যারেজের ভিতরের দক্ষিণ পার্শ্বে এবং উদ্যানের বাউন্ডারী ওয়ালসহ গাছের গোড়ায় রংকরণ কাজ। | ১,৮৪,১৮৩/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৮৪,১৮৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের ২য় তলা, রেভিনিউ, প্রশাসন ও হিসাব শাখাসহ গ্যারেজের ভিতরে (উত্তর পার্শ্বে) ও পিছনে (বাগানে) রংকরণ কাজ। | ১,৭৪,৬৩৪/- | মেসার্স এস এস ট্রেডার্স | ১,৭৪,৬৩৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ১৪। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অফিসের টয়লেট সংস্কার ও মেরামত কাজ। | ১,০৪,৯৭২/- | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ১,০৪,৯৭২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

আলোচনা : আলোচ্য বিষয়-১৩ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ১৩.১। আলোচ্য বিষয়-১৩ এর ১৪ (সতের)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩.২। ক্রমিক নং-৪, ৭, ৮, ৯, ১২, ১৩ ও ১৪ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৩.৩। ক্রমিক নং-১, ২, ৩, ৫, ৬, ১০, ১১ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৪: মিরপুর ডিওএইচএস এর ০৪(চার) কাঠা বিশিষ্ট প্লটে নির্মিত/নির্মিতব্য ০৭(সাত) তলা ভবনের ছাদের উপর অত্যাবশ্যকীয় স্থাপনা নির্মাণ প্রসংগে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ মে, ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২. ০৭১.২৭.২২. ০৫.১৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এলাকার সকল প্লটের আয়তন মাত্র ৩২০ বর্গগজ অর্থাৎ চার কাঠা। উল্লেখ্য বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকার প্লটগুলোর আয়তন ০৫(পাঁচ) কাঠার নিচে নয়। এমনকি বনানী এবং মহাখালী ডিওএইচএস এলাকার কিছু প্লট আছে যার আয়তন ০৫(পাঁচ) কাঠারও বেশি। মিরপুর ডিওএইচএস এর প্লট ০৪ কাঠা হওয়ায় এ প্লটে ডেসকোর চাহিদা অনুযায়ী সাব-স্টেশন ও অন্যান্য নির্মাণসমূহ যেমন-গার্ডরুম, গার্ডদের থাকার রুম ও টয়লেট, জেনারেটর রুম, গ্যাসের রাইজার, টিএন্ডটি বক্স ইত্যাদি নির্মাণ করা হলে উক্ত বাড়িতে ০৫টির বেশি গাড়ি পার্কিং এর স্থান সংকুলান করা যাচ্ছে না। ফলশ্রুতিতে ০৭(সাত) তলা ভবনের জন্য যেখানে কমপক্ষে ০৬টি গাড়ির পার্কিং স্পেস প্রয়োজন তা নিচের প্রয়োজনীয় স্থাপনা নির্মাণ সাপেক্ষে সুষ্ঠুভাবে পরিকল্পনা করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় মিরপুর ডিওএইচএস এলাকায় ০৪ কাঠা বিশিষ্ট প্লটে গার্ডদের থাকা, খাওয়াসহ বাড়ির অন্যান্য অত্যাবশ্যকীয় প্রয়োজনে ৬/৭ তলা ভবনের ছাদের উপর একটি টয়লেটসহ সর্বোচ্চ ১৫০ বর্গফুট (১২-০˝×১০-০˝) ১২০.০০ বর্গফুট রুম ও ৩০.০০ বর্গফুট টয়লেট নির্মাণের জন্য আয়তনের একটি রুম নির্মাণের যৌক্তিকতার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। উল্লেখ্য যে এটি শুধুমাত্র মিরপুর ডিওএইচএস এর জন্য প্রযোজ্য।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে শুধুমাত্র মিরপুর ডিওএইচএস এর ০৪(চার) কাঠা বিশিষ্ট প্লটে ৬/৭ তলা ভবনের ছাদের উপর এমআইএসটি'র কারিগরী মতামত সাপেক্ষে একটি টয়লেটসহ সর্বোচ্চ ১৫০ বর্গফুট নির্মাণের অনুমোদন প্রদানের পক্ষে বোর্ডসভায় সর্বসম্মত মতামত ব্যক্ত করা হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: স্থায়ী নীতিমালা (SOP) প্রণয়ন-সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল সংক্রান্ত সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩১ মে ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০১১.২২.০৮২.১৭.০৬ পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সেনাসদর এজি শাখা (চিকিৎসা পরিদপ্তর) এর ২৬ অক্টোবর ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.০৪১.০৩.১৪৪.১৫.২৫.১০.১৫ নং পত্রের ৩(এফ) এর সিদ্ধান্ত মোতাবেক সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের স্থায়ী নীতিমালা (SOP) প্রণয়নের জন্য বিএ-১০০৬৬৯ কর্ণেল মোঃ ইউনুছুর রহমান, এডিজিএমএস (স্বাস্থ্য) এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ১৭ মে ২০১৬ তারিখে স্থায়ী নীতিমালা (SOP) প্রণয়ন করেন এবং স্টেশন সদর দপ্তর ও হাসপাতালের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করা হয়। উক্ত স্থায়ী নীতিমালা (SOP) অত্র দপ্তরের ২৪ এপ্রিল ২০১৭ তারিখের ঢাক্যাবো/এমএস/৯২/১৪৮ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হলে ৩১ মে ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০১১.২২.০৮২.১৭.০৬ পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট এ্যাক্ট ১৯২৪, একাউন্টস কোড ১৯৫৫, সার্ভেন্টস রোল ১৯৫৪ এবং অনুমোদিত নীতিমালার আলোকে বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক হাসপাতাল পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের স্থায়ী নীতিমালার (SOP) খসড়া নিম্নেবর্ণিত গঠিত কমিটি কর্তৃক যাচাই বাছাই ও সংশোধন সাপেক্ষে নীতিগত অনুমোদন করা হলো। কমিটি নিম্নরূপ ঃ-

(১) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি -- সভাপতি
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।

(২) ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।

(৩) গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, -- সদস্য
এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি)
অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।

(৪) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক -- সদস্য
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) জনাব হেলাল উদ্দিন আহমেদ -- সদস্য
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) লেঃ কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, পিএসসি -- সদস্য
পরিচালক, প্রশাসন
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতাল।

(৭) জনাব মোঃ আলম খান -- সদস্য-সচিব
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

উক্ত কমিটি আগামী ১০ জুলাই, ২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রস্তুত করে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বরাবর দাখিল করবেন।

আলোচ্য বিষয়-১৬: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় বিশেষ বরাদ্দ বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়ন প্রসংগে।

আলোচনা : দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বীর উত্তম এ কে খন্দকার রোড, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকার ১৭ মে ২০১৭ তারিখের ৫১.০১.০০০০.০১১.১৬.০৮৬.১৭-৩২৫ নং পত্রের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট এর অনুকুলে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয় এবং ৩০ জুন ২০১৭ তারিখের মধ্যে বাস্তবায়নের বাধ্যবাদকতা দেয়া হয়ঃ-

| ক্র/নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (চালের টাকা) |
|---|---|---|
| (১) | ক্যান্ট বোর্ড নার্সারী সংলগ্ন পুকুরের মাটি-কাটা এবং চতুর্পার্শ্বের পাড় ভরাটকরণ কাজ। | ৭৪,১৯,৪১৬/- (২০০ মেটন চালের মূল্য) |
| (২) | শহীদ বদিউজ্জামান রোডের পশ্চিম পার্শ্বে পুকুরের মাটি-কাটা এবং চতুর্পার্শ্বের পাড় ভরাটকরণ কাজ। | ৭৪,১৯,৪১৬/- (২০০ মেটন চালের মূল্য) |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের পশ্চিম পার্শ্বে পুকুরের মাটি-কাটা এবং চতুর্পার্শ্বের পাড় ভরাটকরণ কাজ। | ৭৪,১৯,৪১৬/- (২০০ মেটন চালের মূল্য) |

অতঃপর প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অত্র দপ্তরের ০১ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৬২০/১৭ নং পত্রের মাধ্যমে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হয় ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - | আহবায়ক |
| (২) | জনাব মোঃ ওমর ফারুক, সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - | সদস্য |
| (৩) | জনাব মোঃ আবুল বাশার মিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - | সদস্য |
| (৪) | জনাব মোঃ আশরাফুল আলম, কঞ্জারভেন্সী অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | - | সদস্য |

উক্ত কাজের জন্য ঠিকাদার নিয়োগের নিমিত্ত ২৪ মে ২০১৭ তারিখে 'দৈনিক ভোরের ডাক', 'দি নিউ এইজ' ২৫ মে ২০১৭ তারিখে 'দৈনিক আলোকিত বাংলাদেশ', 'দি ইনডিপেনডেন্ট' এবং ২৬ মে ২০১৭ তারিখে 'দৈনিক যুগান্তর', 'দি ডেইলি অবজারভার' পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে ১৪, ১৫, ১৮ জুন ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। কিন্তু দরপত্র ক্রয়ের জন্য কোন ঠিকাদার পাওয়া যায়নি বিধায় কাজগুলো ৩০ জুন ২০১৭ তারিখের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না মর্মে গঠিত কমিটি ১৫ জুন ২০১৭ তারিখে প্রতিবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)। এতদ্বিষয়ে সদর দপ্তর, লজিস্টিকস এরিয়া, ঢাকা সেনানিবাসের ১৯ জুন, ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৯৩.০২.২০২.০১.১৯.০৬.১৭ নং পত্রের মাধ্যমে প্রকল্পগুলো সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্টেশন সদর দপ্তর, ঢাকা এর তত্ত্বাবধানে সম্পন্ন করা হবে বিধায় ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত চালের মূল্য বাবদ ২,২২,৫৮,২৪৮/- (দুই কোটি বাইশ লক্ষ আটান্ন হাজার দুইশত আটচল্লিশ) টাকার অবিনিময়ে চেক "কমান্ড ফান্ড, সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া" শিরোনামে প্রদান করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় চালের মূল্য বাবদ বরাদ্দকৃত ২,২২,৫৮,২৪৮/- (দুই কোটি বাইশ লক্ষ আটান্ন হাজার দুইশত আটচল্লিশ) টাকার ০৩(তিন)টি প্রকল্প সঠিকভাবে বাস্তবায়নের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা এর তত্ত্বাবধানে সম্পন্ন করার লক্ষ্যে সমুদয় অর্থের অবিনিময়ে চেক "কমান্ড ফান্ড, সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া" শিরোনামে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৭: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের প্রভাষক (ইতিহাস) মিসেস সেলিনা জাফর এর ১৩ জুন, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের প্রভাষক(ইতিহাস) বেগম সেলিনা জাফর গত ০৩ মার্চ ২০১৬ তারিখ হতে অদ্যাবধি অর্থাৎ ০১(এক) বৎসর ৪(চার) মাস যাবৎ অনুপস্থিত আছেন, যার ধারাবাহিক ঘটনাক্রম নিম্নরূপ ঃ-

১. ক্যান্টনমেন্ট বোর্ডের ২২ মার্চ ২০১৭ তারিখের ১৬৬ নং পত্রের মাধ্যমে ০৩/০৩/২০১৬ হতে অনুপস্থিতির জন্য কারণ দর্শানো হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

২. ক্যান্টনমেন্ট বোর্ডের ২৭ মার্চ ২০১৭ তারিখের ১৬৮ নং পত্রের মাধ্যমে ০৩/০৩/২০১৬ হতে অনুপস্থিতির জন্য পুনরায় কারণ দর্শানো হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

৩. পরবর্তীতে কোন জবাব না পাওয়ায় অত্র দপ্তরের ১৭ এপ্রিল ২০১৭ তারিখের ১৭১ নং পত্রের মাধ্যমে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাভূসে অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়।

৪. সংশ্লিষ্ট প্রভাষক ২১ জুন ২০১৭ তারিখে সরাসরি পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর বরাবর ৩/৩/২০১৬ -২/৩/২০১৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের বিনা বেতনে ছুটির জন্য আবেদন করেন কিন্তু এ বিষয়ে কার্যক্রম গৃহীত হয়নি।

৫. তিনি ২/৩/২০১৭ তারিখে তার ছুটি আরও ৬(ছয়) মাস বর্ধিত করণের পুনরায় পরিচালক বরাবর আবেদন করেন কিন্তু এ বিষয়ে কোন কার্যক্রম গৃহীত হয়নি।

৬. কলেজের অধ্যক্ষ ২২/৫/২০১৭ তারিখের ৩৬ নং পত্রের মাধ্যমে বিস্তারিত বিষয় উল্লেখ করে ক্যান্টনমেন্ট বোর্ডে পত্র প্রেরণ করলে তা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয় কিন্তু এ ক্ষেত্রেও কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি।

৭. তিনি ৭/৬/২০১৭ তারিখে তিনি কলেজে যোগদানপত্র দাখিল করেন।

৮. ১৩/৬/২০১৭ তারিখে তিনি পুনরায় সকল ছুটির জন্য মহাপরিচালক মহোদয়ের বরাবর কলেজের মাধ্যমে আবেদন করেন কিন্তু কলেজ হতে কোন পত্র অত্র দপ্তরে দাখিল করা হয়নি।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের প্রভাষক (ইতিহাস) মিসেস সেলিনা জাফর এর আবেদনের প্রেক্ষিতে তাঁকে বিনা বেতনে অনুপস্থিতির তারিখ হতে যোগদানের তারিখ পর্যন্ত ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১৯৮৯ নিম্নবর্ণিত যন্ত্রাংশ সরবরাহের নিমিত্ত ১,৯৩,৭৫০/-(এক লক্ষ তিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১৯৮৯ মেরামতের জন্য নিম্নবর্ণিত যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্ত ১,৯৩,৭৫০/-(এক লক্ষ তিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয় হবে ঃ-

| ক্রমিক নং | বিবরন | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | চাঁকা (সাইজ-৭১৬) | ০৪টি | ১৯,৫০০.০০ | ৭৮,০০০.০০ |
| ২. | চাঁকার রিং | ০৪টি | ৬,০০০.০০ | ২৪,০০০.০০ |
| ৩. | ব্যাটারী | ০১টি | ২৪,০০০.০০ | ২৪,০০০.০০ |
| ৪. | ব্যাটারীর তার | ০২টি | ৫০০.০০ | ১,০০০.০০ |
| ৫. | সেলফ মেরামত | ০১টি | ৩,০০০.০০ | ৩,০০০.০০ |
| ৬. | রিকন্ডিশন পাম্প | ০১টি | ৪০,০০০.০০ | ৪০,০০০.০০ |
| ৭. | ব্রেক মেরামত | -- | ১৫,০০০.০০ | ১৫,০০০.০০ |
| ৮. | এক্সেলেটরের ক্যাবল | -- | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ৯. | ক্লাসের ক্যাবল | | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ১০. | রিকন্ডিশন এসি পাম্প | ০১টি | ৬,৭৫০.০০ | ৬,৭৫০.০০ |
| | | | মোট = | ১,৯৩,৭৫০.০০ |

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১৯৮৯ মেরামতের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্ত ১,৯৩,৭৫০/-(এক লক্ষ তিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করণের নিমিত্ত হাসপাতালের ১৯ জুন ২০১৭ তারিখের এসকেএমসিবিজিএইচ/৭১নং পত্রের সাথে প্রেরিত Anesthesiologist-চার্জ নির্ধারণ, ICU চার্জ নির্ধারণ এবং হাসপাতালের এম্বুলেন্স ভাড়া নির্ধারণ সক্রান্ত তিনটি প্রণীত নীতিমালার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ড এর ১৫ জুন ২০১৭ তারিখের পত্র নং - ঢাক্যাবো/এমএস/১৩৬/৮০ নং পত্রের মাধ্যমে ICU চার্জ নির্ধারণ নীতিমালা, Anesthesiologist-চার্জ নির্ধারণ নীতিমালা এবং হাসপাতালের এম্বুলেন্স ভাড়া নির্ধারণের জন্য কমিটি গঠন করা হলে উক্ত কমিটি ৩টি নীতিমালা প্রণয়ন করেন যা হাসপাতালের ১৯/৬/২০১৭ তারিখের ৭১ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা হয়।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ICU চার্জ নির্ধারণ নীতিমালা, Anesthesiologist–চার্জ নির্ধারণ নীতিমালা এবং হাসপাতালের এম্বুলেন্স ভাড়া নির্ধারণের জন্য গঠিত কমিটির সুপারিশ মোতাবেক পরিশিষ্ট 'খ' আকারে সংযুক্ত নীতিমালা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২০: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করার জন্য ত্রুটিযুক্ত/অকেজো সামগ্রী মেরামত করণ সংক্রান্ত হাসপাতালের ১৯ জুন ২০১৭ তারিখের এসকেএমসিবিজিএইচ/৭০নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : হাসপাতালের আইসিইউ চালু করণের নিমিত্ত পূর্বে সরবরাহকৃত যন্ত্রপাতি মেরামতের জন্য ৫,০০,০০০/-(আনুমানিক) টাকা ব্যয় অনুমোদনের জন্য ১৯/৬/২০১৭ তারিখে পত্র প্রেরণ করেন।

সিদ্ধান্ত : সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করার জন্য ত্রুটিযুক্ত/অকেজো সামগ্রী মেরামত বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২১: রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০/বি নং দোকানের পার্শ্বে ০১ টি দোকানের জায়গা বরাদ্দের জন্য অনাঃ ক্যাপ্টেন এ কে এম শামসুল আলম (অবঃ) এর ১৫ জুন ২০১৭ তারিখের আবেদন এবং রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলা পাকা ব্লকের নিচ তলায় ৭৭/এ নং দোকানের সামনে ১৪০ বর্গফুট খালি জায়গা বরাদ্দের জন্য গাজী মোঃ নুরুল ইসলাম শাকিল, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক গাজী এর ০৭ জুন, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০/বি নং দোকানের পার্শ্বে ০১ টি দোকানের জায়গা বরাদ্দের জন্য অনাঃ ক্যাপ্টেন এ কে এম শামসুল আলম (অবঃ) এর আবেদন এবং রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলা পাকা ব্লকের নিচ তলায় ৭৭/এ নং দোকানের সামনে ১৪০ বর্গফুট খালি জায়গা বরাদ্দের জন্য গাজী মোঃ নুরুল ইসলাম শাকিল, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক গাজী এর আবেদন একান্ত মানবিক কারণে বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ৫০/বি নং দোকানের পার্শ্বে আনুমানিক ১৪০ বর্গফুট খালি জায়গা অনাঃ ক্যাপ্টেন এ কে এম শামসুল আলম (অবঃ)-কে এবং রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলা পাকা ব্লকের নিচ তলায় ৭৭/এ নং দোকানের সামনে আনুমানিক ১৪০ বর্গফুট খালি জায়গা গাজী মোঃ নুরুল ইসলাম শাকিল, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক গাজী-কে নিজ খরচে দোকান নির্মাণ করার শর্তে প্রতিটি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এককালীন সেলামী এবং প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হারে মাসিক ভাড়ায় ০৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২২ বিবিধ-১: ক্যান্টনমেন্ট বোর্ড সদস্যগণের সম্মানী ভাতা বৃদ্ধি প্রসংগে।

আলোচনা : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড সদস্যগণকে বর্তমানে সভা প্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানী প্রদান করা হচ্ছে। কিন্তু সভার গুরুত্ব ও পরিধি বিবেচনায় বর্তমানে উক্ত ফি বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সদস্যগণকে সভা প্রতি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২২ বিবিধ-২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যমান দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য প্রতি ফি বা সম্মানী প্রদান প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৭ জুন, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২১বিবিধ(৩) এর মাধ্যমে নিম্নবর্ণিতভাবে দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হয় ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আলম খান<br>নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| (২) | জনাব মোঃ হারুন-উর-রশিদ<br>ডিএমইও, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | প্রতিনিধি, জিই (আর্মি) মেইন্ট সাউথ, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৫) | উপ- সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

বর্তমানে উপরোক্ত মূল্যায়ন কমিটি কোন মূল্যায়ন ফি পাচ্ছেন না মর্মে সভাকে অবহিত করা হয়। কিন্তু পিপিআর ২০০৮ এর ধারা ৮ এর উপধারা ১৫ মোতাবেক সদস্য প্রতি নিম্নোক্ত হারে ফি বা সম্মানী প্রদানের বিধান রয়েছে ঃ-

১০ (দশ) কোটি টাকার ঊর্ধ্বের ক্ষেত্রে
- ❖ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১,৫০০/- টাকা, তবে সর্বোচ্চ ৬,০০০/- টাকা।

১ (এক) কোটি টাকার ঊর্ধ্ব হতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত
- ❖ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১,০০০/- টাকা, তবে সর্বোচ্চ ৩,০০০/- টাকা।

১০(দশ) লক্ষ টাকার ঊর্ধ্ব হতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত
- ❖ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০/- টাকা, তবে সর্বোচ্চ ১,৫০০/- টাকা।

১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত
- ❖ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০/- টাকা, তবে সর্বোচ্চ ৯০০/- টাকা।

এ ব্যায় ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০/- (পাঁচ শত) টাকা সম্মানী/ফি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২২ বিবিধ-৩: The Cantonments Act, 1924 এর ১১০০ (এগারশত) কপি ছাপানোর বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৮ জুন ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০২৪.০৪.০৪২.১৭-০২ নং পত্রের সাথে প্রেরিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ২৩.০০.০০০০.০৯০.২২.১৮.৯৮(অংশ)-২৪৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৮ জুন ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০২৪.০৪.০৪২.১৭-০২ নং পত্রের সাথে প্রেরিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ২৩.০০.০০০০.০৯০.২২.১৮.৯৮(অংশ)-২৪৩ নং পত্রের মাধ্যমে The Cantonments Act, 1924 এর ১১০০ (এগারশত) কপি প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত ১১০০ (এগারশত) কপি বই ছাপাতে আনুমানিক ৩,৯৫,০০০/- (তিন লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে The Cantonments Act, 1924 এর ১১০০ (এগারশত) কপি দ্রুত মুদ্রণ করে যথাযথ ভাবে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ছাপানো ব্যয় বাবদ ৩,৯৫,০০০/- (তিন লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ড হতে ব্যয় এর অনুমোদন প্রদান করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২২ বিবিধ-৪: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম ও ১১তম তলা ফ্লোর/স্পেস ভাড়া প্রদানের নীতিমালা প্রসংগে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম তলা ৭৯৫০ বর্গফুট ও ১১তম তলা ৬৫৪১ বর্গফুট অর্থাৎ মোট ১৪,৪৯১ বর্গফুট ফ্লোর/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইতোপূর্বে বহুবার বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করেও ইজারা প্রদান করা যায় নি। মার্কেটের নির্মাণ কাজ বর্তমানে প্রায় শেষ পর্যায়ে। ১০ম ও ১১তম তলার সর্বমোট ১৪,৪৯১ বর্গফুট স্থান অবিক্রিত থাকায় মার্কেট নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারের পাওনা বিল পরিশোধ করা সম্ভবপর হচ্ছে না। এমতাবস্থায়, ১০ম ও ১১তম তলার ফ্লোর/স্পেস ইজারার পরিবর্তে মাসিক ভাড়া প্রদানের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক উক্ত ফ্লোর/স্পেস ভাড়া প্রদানের নীতিমালা সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম ও ১১তম তলার ফ্লোর/স্পেস ভাড়া প্রদানের নিমিত্ত ক্রোড়পত্র 'গ' হিসেবে সংযুক্ত নীতিমালা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক', 'খ' ও 'গ'।

21 Jun 17

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

*(এস. এম. আব্দুল কাদের)*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি) — উপস্থিত
অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মইনুল ইসলাম — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মোঃ শরীফুল আলম তানভীর — অনুপস্থিত
এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

পরিশিষ্ট-খ

## সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট এর Anesthesiologist-চার্জ নির্ধারণ, ICU চার্জ নির্ধারণ এবং হাসপাতালের এম্বুলেন্স ভাড়া নির্ধারণের জন্য পৃথক তিনটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়নের নিমিত্তে গঠিত পর্ষদের কার্যবিবরণী

সূত্রঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয় এর ১৫ জুন ২০১৭ তারিখের পত্র নং - ঢাক্যাবো/এমএস/১৩৬/৮০।

১। সূত্রোক্ত পত্র মোতাবেক সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আই সি ইউ চালু হওয়ায় গঠিত পর্ষদ একত্রিত হয়ে সরেজমিনে আশেপাশের অন্যান্য হাসপাতাল পরিদর্শন, প্রয়োজনীয় নথিপত্র যাচাইপূর্বক তথ্যাদি সংগ্রহ, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মতামত গ্রহণ এবং সার্বিক দিক পর্যালোচনা করে হাসপাতালের বিষয়োক্ত ICU চার্জ নির্ধারণ নীতিমালা, Anesthesiologist-চার্জ নির্ধারণ নীতিমালা এবং হাসপাতালের এম্বুলেন্স ভাড়া নির্ধারণের জন্য পৃথক ০৩(তিন)টি পূর্ণাঙ্গ নীতিমালা প্রনয়ণ করেছেন। উল্লেখিত ০৩টি নীতিমালা প্রচলিত হাসপাতাল পরিচালনা নীতিমালা হতে তথ্য/উপাত্ত সংগ্রহপূর্বক সমন্বিত প্রস্তাবনা আকারে প্রণয়ন করা হয়েছে বিধায় এখন হতে হাসপাতাল পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নতুন প্রস্তুতকৃত নীতিমালাসমূহ কার্যকর হবে, যা যথাক্রমে ক্রোড়পত্র ক, খ ও গ হিসেবে সংযুক্ত করে উপস্থাপন করা হলো ঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | Anesthesiologist-চার্জ নির্ধারণ নীতিমালা | : | ক্রোড়পত্র-ক |
| খ। | ICU চার্জ নির্ধারণ নীতিমালা | : | ক্রোড়পত্র-খ |
| গ। | হাসপাতালের এম্বুলেন্স ভাড়া নির্ধারণ নীতিমালা | : | ক্রোড়পত্র-গ |

২। উল্লেখিত নীতিমালাসমূহ পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী পুন:নির্ধারণ/সমন্বয় করা যেতে পারে।

আহ্বায়ক ঃ

(স্বাক্ষরিত) ২৯/০৮/১৭

..........................................................
লেঃ কর্ণেল
মোঃ আনোয়ার হোসেন, এসপিপি, পিএসসি, ই বেঙ্গল
পরিচালক প্রশাসন,
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল।

সদস্যবৃন্দ ঃ

১। ......................(স্বাক্ষরিত)......................
লেঃ কর্ণেল মোঃ আবুল কালাম আজাদ, এএমসি
চীফ মেডিকেল অফিসার,
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল।

২। ......................(স্বাক্ষরিত) 19/06/17......................
ডাঃ জেসমিন আক্তার শান্তা
মেডিকেল অফিসার
সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড
জেনারেল হাসপাতাল।

৩। ......................(স্বাক্ষরিত)......................
মোঃ ওমর ফারুক
সহকারী সচিব
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

# সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট এর এনেসথেসিওলজিস্ট চার্জ নির্ধারণ বিষয়ে নীতিমালা প্রনয়ন

১। সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল এর নিজস্ব এনেসথেসিওলজিস্ট নিয়োগপ্রাপ্ত হওয়ায় এখন থেকে অপারেশন অনুযায়ী এনেসথেসিওলজিস্ট চার্জ নিম্নরূপ হারে নির্ধারণ করা হলো যা পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী পুনঃনির্ধারণ/সমন্বয় করা যেতে পারে ঃ

ক। **সার্জারি পরিচালনার জন্য এনেসথেসিওলজিস্ট চার্জ**

(1) **General Surgery (Anaethesiologist Charge).**

| | | |
|---|---|---|
| (a) | **Major Operation**: (LUCS. Hysterectomy, Laparotomy, Thyroid Surgery, Laparotomy, Mastectomy) etc : | 2000.00 |
| (b) | **Medium Operation**: Appendicectomy, Tonsillectomy, Septoplasty, Hernioplasty, Hydrocele, Haemorhoidectomy, Breast Lump etc : | 2000.00 |
| (c) | **Laparoscopic Surgery**: Lap (chole, Appendics, Hernia) : | 2000.00 |
| (d) | **Minor Operation (TIVA)**: DE&C, Abscess (Parietal, Thigh etc) : | 1500.00 |
| (e) | **Local Anesthesia (Out Door)** : | 700.00 |
| (f) | Any operation charge other than above not less than : | 1500.00 |

(2) **Neurosurgery (Anaethesiologist Charge).**

| | | |
|---|---|---|
| (a) | Brain Tumour : | 4000.00 |
| (b) | Extra dural Haematoma : | 3000.00 |
| (c) | PLID : | 3000.00 |
| (d) | Spinal Tumour : | 3000.00 |
| (e) | VP Shunt : | 3000.00 |
| (f) | Brain Abscess : | 3000.00 |
| (g) | Any operation charge other than above not less than : | 2000.00 |

(3) **Orthopedic (Anaethesiologist Charge).**

| | | |
|---|---|---|
| (a) | Hip replacement surgery : | 4000.00 |
| (b) | Knee replacement Surgery : | 4000.00 |
| (c) | ACL injury repair : | 3000.00 |
| (d) | ORIF Large Bone : | 3000.00 |
| (e) | ORIF Medium/Small Bone : | 2000.00 |
| (f) | Tendon repair : | 2000.00 |
| (g) | Close reduction under G/A : | 1500.00 |
| (h) | Any operation charge other than above not less than : | 2000.00 |

(4) **Urological (Anaethesiologist Charge).**

| | | |
|---|---|---|
| (a) | TURP/TURBT : | 2000.00 |
| (b) | Radical Nephrectomy : | 3000.00 |
| (c) | Renal Stone : | 3000.00 |
| (d) | URS : | 2000.00 |
| (e) | Urethroplasty : | 3000.00 |
| (f) | Urethrocystoscopy : | 1500.00 |
| (g) | Any operation charge other than above not less than : | 2000.00 |

(5) **Dental Surgery (Anaethesiologist Charge).**

| | | |
|---|---|---|
| (a) | Major Operation : | 4000.00 |
| (b) | Medium Operation : | 3000.00 |
| (c) | Minor Operation : | 1500.00 |
| (d) | Any operation charge other than above not less than : | 2000.00 |

২। রুগীভেদে ও অপারেশনভেদে উল্লেখিত চার্জসমূহ কম/বেশি হতে পারে যাহা সংশ্লিষ্ট এনেসথেসিওলজিষ্ট/হাসপাতাল কর্তৃপক্ষ ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদনপূর্বক নির্ধারণ করবেন।

৩। উল্লেখিত চার্জসমূহ সর্বোচ্চ ২ ঘন্টা সময়ের জন্য প্রযোজ্য। এরপর প্রতি ঘন্টা/অংশবিশেষের জন্য ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) হারে প্রদান করতে হবে।

৪। হাসপাতাল কর্তৃক নিয়োগকৃত নিজস্ব Anesthesiologist নির্ধারিত কর্তব্যকালীন সময় ব্যতীত (কর্তব্যকালীন প্রাপ্ত টাকা হাসপাতালে জমা হবে) সার্জারী কাজে সহায়তা প্রদান করলে সংশ্লিষ্ট সার্জন হতে প্রাপ্ত টাকার ১০% হাসপাতাল ফান্ডে জমা করা হবে।

## সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ঢাকা ক্যান্টনমেন্ট এর আই সি ইউ এর বিভিন্ন চার্জ নির্ধারণ বিষয়ে নীতিমালা প্রনয়ন

১। সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল এর Intensive Care Unit () এবং High Dependency Unit (HDU) চালু হওয়ায় এর বিভিন্ন চার্জসমূহ নির্ধারণ প্রয়োজন। বর্তমানে প্রচলিত নীতিমালা পর্যালোচনা করে আই সি ইউ এবং এইচ ডি ইউ এর বিভিন্ন চার্জসমূহ নিম্নরূপ হারে নির্ধারণ করা হলো যা পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী পুনঃনির্ধারণ/সমন্বয় করা যেতে পারে ঃ

| S/N | Sub | ICU | HDU | Remarks |
|---|---|---|---|---|
| 1. | Bed Rent | 4000/- per day | 2000/- per day | 7000/- (1 – 5) |
| 2. | Multi-parameter Monitor | 2000/- per day | Same | |
| 3. | Pulse Oximeter | 400/- per day | Same | |
| 4. | Syringe Pump | 300/- per day | Same | |
| 5. | Infusion Pump | 300/- per day | Same | |
| 6. | Oxygen (O2) | 100/- per hour | Same | |
| 7. | Ventilator | 4000/- per day | - | |
| 8. | Air Mattress/Air Cushion | 100/- per day | Same | |
| 9. | Suction | 300/- per day | - | |
| 10. | MO/Staff Fee | 100/- per day | Same | |
| 11. | Service Charge | 100/- per day | Same | |
| 12. | ICU/HDU Consultation Fee | 1000/- per Day | Same | 15000/- (1 - 12) |
| 13. | Vital-parameter Monitor | 1000/- per day | Same | |
| 14. | NG Catheterization | 300/-per each procedure | Same | |
| 15. | Bladder Catheterization | 300/- - 1000/- per each procedure | Same | |
| 16. | Any procedure (e.g. Lumbar puncture, Endotracheal intubation, Central line Catheter etc) | 2000/- per each procedure | Same | |
| 17. | DC Shock | 500/- per each time | - | |
| 18. | Nebulization | 150/- per each time | Same | |
| 19. | **Dressing Charge:** | | | |
| | a. Minor | 200/- per each time | Same | |
| | b. Medium | 500/- per each time | Same | |
| | c. Major | 1000/- per each time | Same | |

২। আইসিইউ কন্সালটেশন (ICU Consultation) ফি ঃ হাসপাতালের আইসিইউ কন্সালটেন্ট এর অনুপস্থিতিতে বিষয়োক্ত চার্জ প্রযোজ্য হবে না। তবে বাহির হতে আগত আইসিইউ কন্সালটেন্ট (ICU Consultant) উক্ত সেবা প্রদান করলে নির্ধারিত চার্জ সংশ্লিষ্ট কন্সালটেন্ট প্রাপ্য হবেন।

৩। আইসিইউ কাঙ্খিতভাবে পরিচালনা ও রোগীর সংখ্যা বৃদ্ধির জন্য পর্যাপ্ত প্রচারনা/আনুসাঙ্গিক জরুরী ব্যয় নির্বাহের লক্ষ্যে রুগী প্রতি ১০০০/- (এক হাজার টাকা মাত্র) টাকা হিসাবে কমিশন প্রদান করা হবে যাহা হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডে চাহিদার প্রেক্ষিতে মাসিক ভিত্তিতে প্রদান করা হবে।

৪। আইসিইউ/এইচডিইউ রুগী ভর্তির ক্ষেত্রে অগ্রীম বাবদ প্রাথমিকভাবে ২০,০০০/-(বিশ হাজার টাকা মাত্র) হাসপাতাল রিশিপশনে জমা করতে হবে এবং প্রতিদিন আইসিইউ -রুগীর জন্য ১০,০০০/- (দশ হাজার) এবং এইচডিইউ-রুগীর জন্য ৫০০০/-(পাঁচ হাজার) টাকা অতিরিক্ত জমা দিতে হবে, যা রুগী ছাড়পত্র গ্রহণকালে বিলের সাথে সমন্বয় করা হবে।

৫। অন্যান্য যে কোন চার্জ যা বর্ণিত হয়নি তা সংশ্লিষ্ট আইসিইউ তত্ত্বাবধায়ক (এনেসথেসিওলজিস্ট)/হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে।

৬। উল্লেখিত চার্জসমূহ সাধারণ রুগীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ক্যান্টনমেন্ট বোর্ড এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অন্যান্য সকল ক্যাটাগরীর স্থায়ী ও অস্থায়ী সকল রুগীদের জন্য ১ম এবং ২য় শ্রেণীর ক্ষেত্রে বেড ভাড়া ও ভেন্টিলেটর ফ্রি এবং অন্যান্য সকল চার্জসমূহ ৫০% হ্রাসকৃত হিসেবে এবং স্থায়ী ও অস্থায়ী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর সদস্যবৃন্দের ক্ষেত্রে বেড ভাড়া ও ভেন্টিলেটর ফ্রি এবং অন্যান্য সকল চার্জ সমূহ ৫০% হ্রাসকৃত হিসাবে বিল নির্ধারণ করা হবে। সি ক্যাটাগরী রুগীদের ক্ষেত্রে সকল চার্জ ১০% হ্রাসকৃত হিসাবে প্রদান করা হবে। বোর্ড এর রুগীদের ক্ষেত্রে MO/Staff Fee, Service Charge এবং ICU/HDU Consultation Fee প্রযোজ্য নয়। ঔষধ প্রদানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে।

৭। বিশেষ ক্ষেত্রে রুগীর প্রয়োজনে কোন বিশেষজ্ঞ ডাক্তারকে ডাকা হলে সংশ্লিষ্ট ডাক্তারের নির্ধারিত ফি আলাদাভাবে প্রযোজ্য হবে।

৮। অন্যান্য সকল ক্ষেত্রে প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে।

# সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট এর এম্বুলেন্স/আই সি ইউ এ্যাম্বুলেন্স এর ভাড়া নির্ধারণ বিষয়ে নীতিমালা প্রনয়ন

১। বর্তমানে এসি এম্বুলেন্স এর ভাড়ার হার সুনির্দিষ্টভাবে নির্ধারিত না থাকায় এবং নতুনভাবে আইসিইউ এম্বুলেন্স চালু হওয়ায় অনেক ক্ষেত্রে ভুল বুঝাবুঝির সৃষ্টি হচ্ছে যা নিরসনকল্পে একটি সমন্বিত পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করা হয়েছে। সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল এর এসি এম্বুলেন্স এবং আইসিইউ এম্বুলেন্স ভাড়া নিম্নরূপ হারে নির্ধারণ করা হলো যা পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী পুন:নির্ধারণ/সমন্বয় করা যেতে পারেঃ

| ক্র/নং | স্থান | এসি এম্বুলেন্স | | আইসিইউ এম্বুলেন্স | | ICA চার্জ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ক্যান্ট বোর্ড ও অঙ্গ-সংগঠন | অন্যান্য রুগী | ক্যান্ট বোর্ড ও অঙ্গ-সংগঠন | অন্যান্য রুগী | | |
| ১. | ঢাকা সেনানিবাসের অভ্যন্তরীন বাসভবন, সিএমএইচ, কচুক্ষেত ইত্যাদি | ফ্রি | ৩০০/- | ফ্রি | ২০০০/- | বোর্ড রুগীঃ ফ্রি<br>অন্যান্য রুগীঃ ৫০০/- | |
| ২. | ইব্রাহীমপুর, মীরপুর ১৩/১৪, মানিকদী, বনানী, বিজয়স্বরণী, ফার্মগেট ইত্যাদি | ৩০০/- | ৫০০/- | ১০০০/- | ৪০০০/- | বোর্ড রুগীঃ ৩০০/<br>অন্যান্য রুগীঃ ৮০০/- | |
| ৩. | মীরপুর-১০/১/২, মীরপুর-DOHS, জোয়ার সাহারা, বারিধারা, গুলশান, সোহরাওয়ার্দী হাসপাতাল,ধানমন্ডি ইত্যাদি | ৫০০/- | ৭০০/- | ১৫০০/- | ৬০০০/- | -ঐ- | |
| ৪. | গাবতলী, যাত্রাবাড়ী, উত্তরা, ঝিগাতলা, খিলগাও, রামপুরা, বসুন্ধরা ইত্যাদি | ৬০০/- | ১০০০/- | ২০০০/- | ৮০০০/- | -ঐ- | |

২। এম্বুলেন্স এর সাথে আইসিএ সদস্যগণ রোস্টারে কর্তব্যকালীণ সময় ব্যতীত রুগীসেবা প্রদান করলে আইসিএ এর জন্য নির্ধারিত চার্জ প্রদান করা হবে। তবে আইসিএগণ ড্রাইভার এর ন্যায় ওভারটাইম প্রাপ্ত হলে চার্জ প্রযোজ্য হবে না এবং তা রুগী হতে গ্রহণ পূর্বক বোর্ড ফান্ডে জমা করা হবে।

৩। আই সি ইউ এম্বুলেন্স আই সি এ সদস্য ব্যতীত সেবা প্রদানকালে আইসিএ-এর জন্য নির্ধারিত চার্জ প্রযোজ্য হবে না।

৪। প্রাপ্যতা স্বাপেক্ষে প্রচলিতভাবে শুধুমাত্র আই সি ইউ এম্বুলেন্সের ক্ষেত্রে আইসিএ গমন করবেন। তবে বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে প্রযোজ্য চার্জ প্রদান করে এসি এম্বুলেন্সে আইসিএ (প্রাপ্যতা স্বাপেক্ষে) প্রদান করা যেতে পারে।

৫। সর্বক্ষেত্রে সংশ্লিষ্ট ড্রাইভার হাসপাতাল কর্তৃপক্ষকে অবগতিপূর্বক কর্তব্য পালন করবেন।

৬। Emergency ব্যতীত সকল ক্ষেত্রে রুগী/প্রতিনিধি নির্ধারিত নিম্নের এম্বুলেন্স রিকুইজিশন ফরমের মাধ্যমে টাকা রিশিপশনে জমা করে এম্বুলেন্স সেবা গ্রহন করবেন, যাহার একটি কপি কর্তব্যরত ডাক্তারের স্বাক্ষর নিয়ে ড্রাইভার গাড়ীতে রাখবেন এবং ড্রাইভার গাড়ীতে রাখবেন এবং একটি কপি অফিসে সংরক্ষিত থাকবেঃ

**সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল**

**এম্বুলেন্স রিকুইজিশন ফরম**

১। এম্বুলেন্স ঃ এসি এম্বুলেন্স/আইসিইউ এম্বুলেন্স ( চিহ্ন দিন)

২। গন্তব্যস্থল ঃ ..............................................................................

৩। ভাড়ার পরিমান ঃ......................................................................

৪। গ্রহনকারীর (রিসিপশনিস্ট) নামঃ........................................... স্বাক্ষরঃ.........................

৫। রুগী/প্রতিনিধীর নামঃ. ..................................................... মোবাইল নং.....................

৬। কর্তব্যরত ড্রাইভার এর নামঃ............................................. স্বাক্ষরঃ.........................

স্বাক্ষরঃ ডিউটি ডাক্তার

৭। স্বাক্ষর করার সময় কর্তব্যরত ডাক্তার ফরম এর প্রতিটি কলাম পূর্ণ হওয়া এবং টাকা জমা নিশ্চিত করবেন।

৮। প্রত্যহ কর্তব্যপালন শেষে পরদিন ড্রাইভার কর্তৃক সংশ্লিষ্ট গাড়ীর লগবুক কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষর করাতে হবে।

৯। কোন এম্বুলেন্স সাধারণ প্রশাসনিক ক্ষেত্রে সরকারীভাবে গমন করলেও উপরোক্ত ফরম ড্রাইভার পূরণ করে ('সরকারীভাবে গমন' লিখে) সাথে নিয়ে কর্তব্যে গমন করবেন।

পরিশিষ্ট-'গ'

# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ১০ম ও ১১তম তলা স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের নীতিমালা ঃ

ঢাকা সেনানিবাসস্থ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ১০ম ও ১১তম তলা স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের জন্য নীতিমালা প্রনয়ণ নিমিত্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৮ মে, ২০১৭ তারিখের ঢাক্যাবো/মিরপুর ডিওএইচএস/অঃকাঃশঃকঃ/২/২৪৩ নং পত্রের মাধ্যমে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হয় ঃ-

১। জনাব মোঃ আলম খান -- আহবায়ক
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

২। প্রতিনিধি
ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সদস্য

৩। প্রতিনিধি -- সদস্য
এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস।

৪। জনাব মোঃ আবুল বাশার মিয়া -- সদস্য
হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

৫। জনাব কাজী মোঃ পেয়ারু -- সদস্য
রেভিনিউ অফিসার (অঃদাঃ), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

গঠিত কমিটি কর্তৃক নিম্নরূপভাবে নীতিমালা প্রনয়ণ করা হয় ঃ

১। বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী 'ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট' মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর স্পেস/ফ্লোর মাসিক ভাড়ার ভিত্তিতে ভাড়া প্রদান করবে।

২। প্রতিটি স্পেস/ফ্লোর ১০ (দশ) বছরের জন্য ভাড়া প্রদান করা হবে, যা দরপত্র আহবান করে প্রকাশ্য নিলাম অথবা দরপত্র এর মাধ্যমে সর্বোচ্চ প্রতি বর্গফুটের জন্য দর দাখিলকারীকে প্রদান করা হবে।

৩। প্রকাশ্যে নিলামে অংশ গ্রহন এর জন্য নাম লিপিবদ্ধ জামানত বাবদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **"ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"** এর অনুকুলে (ফেরতযোগ্য) জমা দিতে হবে।

৪। স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের দরপত্র/আবেদনপত্রের সংঙ্গে যে কোন সিডিউল ব্যাংক হতে **"ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"** এর অনুকুলে প্রাথমিক জামানত হিসেবে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিতে হবে। যে সকল আবেদনকারীর আবেদন স্পেস/ফ্লোর ভাড়ার জন্য বিবেচিত হবে না তাদের জমাকৃত জামানত যথাসময়ে ফেরত দেয়া হবে এবং সিডিউল এর মূল্য ২,০০০/-(দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

৫। আবেদনপত্রের সংগে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও সংশিষ্ট পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র, জন্ম সনদ বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৬। উক্ত মার্কেটে স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের জন্য প্রকাশ্য ডাক গ্রহন বা দরপত্র গ্রহন করার জন্য কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত দর যাচাই/বাছাই করে গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।

৭। স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের মেয়াদ ১০ (দশ) বছর উত্তীর্ণ হওয়ার পর তৎসময়ের বাজার মূল্যে বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ভাড়া গ্রহীতা-কে স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের মেয়াদ বর্ধিতকরা হবে। বোর্ডসভার অনুমোদনক্রমে এই নিয়মে পরবর্তী প্রতি ১০ (দশ) বছর অন্তর অন্তর নবায়ন কার্যক্রম পরিচালিত হবে।

৮। সর্বোচ্চ ডাককারী স্পেস/ফ্লোর ভাড়া গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থের ৫০% বাজেয়াপ্ত হবে।

৯। স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের জন্য পৃথক পৃথক ডাক ও দরপত্র বিক্রি করতে হবে এবং প্রত্যেক স্পেস/ফ্লোর জন্য আলাদাভাবে ডাক বা দর উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ চূড়ান্ত অনুমোদনের পর স্পেস/ফ্লোর বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের দর অনুমোদন করা না হলে তার জমাকৃত জামানত ফেরত প্রদান করা হবে।

চলমান পাতা-২

১০। ১০ম ও ১১তম তলা ০২(দুই) টি ফ্লোর আয়তন ১৩০০০ বর্গফুট (কমবেশী) এর ১০(দশ) বছর মেয়াদে ভাড়ার জন্য ভাড়া গ্রহনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ফেরতযোগ্য প্রতিটি ফ্লোর/স্পেসের জন্য ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা হারে মোট ২,০০,০০,০০০/-(দুই কোটি) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে। উল্লেখ্য যে, দরপত্রের সাথে জমাকৃত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা সমন্বয় করা হবে।

১১। মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম ও ১১তম তলার স্পেস/ফ্লোর আয়তন ১৩০০০ বর্গফুট (কমবেশী) এর ইজারা/বরাদ্দ প্রদানের জন্য বারবার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পরও আশানুরুপ দরদাতা পাওয়া যায়নি। এক্ষেত্রে বোর্ডসভার সিদ্ধান্তক্রমে শপিং কমপ্লেক্স নির্মাণের আর্থিক প্রয়োজনে স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের জন্য ১০ম ও ১১তম তলার স্পেস/ফ্লোর প্রথম ০৩(তিন) বছরের জন্য মাসিক ভাড়া প্রতি বর্গফুট ২৫/-(পঁচিশ) টাকা হারে সর্বনিম্ন ভাড়া ধার্য করা হলো এবং ৪র্থ বছর হতে পরবর্তী মেয়াদ পর্যন্ত মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৫০/-(পঞ্চাশ) টাকা সর্বনিম্ন ভাড়া ধার্য করা হলো। উদ্ধৃত ভাড়ার উপর সরকারী বিধি মোতাবেক আয়কর-ভ্যাট প্রদেয় হবে

১২। একই স্পেস/ফ্লোর ভাড়া প্রদানের এর জন্য একাধিক দরদাতার দর একই হলে লটারীর মাধ্যমে তা নির্ধারণ হবে।

১৩। নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ক্যান্টনমেন্ট বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ১১ তারিখ হতে প্রতিদিনের জন্য ২৫ (পঁচিশ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে । উল্লেখ্য যে, জুন মাসের ভাড়া জুন মাসের ২৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২৬ তারিখ হতে প্রতিদিনের জন্য ২৫ (পঁচিশ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে।

১৪। প্রতিটি স্পেস/ফ্লোরের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে যা বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী ইজারা/বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে সরকার কর্তৃক ধার্য হারে বিদ্যূৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে পরিশোধ করতে হবে। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য স্পেস/ফ্লোরের ভাড়াটিয়া কর্তৃক ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা সংযোগ ফি প্রদান করতে হবে। গ্যাস সংযোগ প্রদানের ক্ষেত্রে সরকার নির্ধারিত ফি ও বিল পরিশোধ করতে হবে।

১৫। এয়ার কন্ডিশন, লিফট ও একসেলেটর, সিকিউরিটি ও গ্যাস এর সার্ভিস চার্জ/মেরামত চার্জ বোর্ড কর্তৃক নির্ধারিত হারে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এখানে সার্ভিস চার্জ বলতে ম্যানেজমেন্ট, ক্লিনিং চার্জ, এসি চার্জ, সিকিউরিটি বিল এবং লিফটম্যান/এসকালেটর অপারেটরের বেতন বাবদ প্রদেয় অর্থকে বুঝাবে। স্পেস/ফ্লোর ভাড়াটিয়াকে নিজ দায়িত্বে স্ব স্ব দোকানের পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল (প্রযোজ্য ক্ষেত্রে) সরাসরি প্রদান করবেন।

১৬। মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য স্পেস/ফ্লোর ভাড়াটিয়াকে বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।

১৭। স্পেস/ফ্লোর ভাড়া প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে বোর্ডের সংগে চুক্তিপত্র সম্পাদন করতে হবে । চুক্তিপত্র সম্পাদন করার পর স্পেস/ফ্লোর হস্তান্তর করা হবে। হস্তান্তরের তারিখ হতে স্পেস/ফ্লোর ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে।

১৮। স্পেস/ফ্লোর ভাড়াটিয়া কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষনিক স্পেস/ফ্লোর বাতিল কর্তৃপক্ষ কর্তৃক গ্রহন করা হবে ।

১৯। স্পেস/ফ্লোর গ্রহীতা বোর্ডের অনুমতি ব্যতিরেকে কোন ক্রমেই তৃতীয় কোন পক্ষের নিকট উপ-ভাড়া দিতে পারিবেনা।

২০। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্ত নিরাপত্তা ছাড়পত্র ব্যতিরেকে অথবা সেনানিবাসের নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ কোন ব্যক্তিকে স্পেস/ফ্লোর ভাড়া প্রদান করা যাবে না।

২১। স্পেস/ফ্লোর ভাড়া নেওয়ার পর নিয়মানুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহন করতে হবে।

চলমান পাতা-৩

২২। উক্ত মার্কেটের নির্মাণ কাজ শেষে বাস্তব পরিমাপ অনুযায়ী দোকানের আয়তনের হ্রাস/বৃদ্ধি হলে সেক্ষেত্রে মূল্য সমন্বয়/পরিশোধ করতে হবে।

২৩। এই নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর স্পেস/ফ্লোর ভাড়ার ক্ষেত্রে মার্কেট/দোকান উদ্বোধনের তারিখ হতে কার্যকর হবে।

২১। যে কোন ডাক ও দরপত্র সিডিউল ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২২/৫/২০১৭

আহবায়ক- (মোঃ আলম খান)
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

২০/৫/২০১৭

সদস্য-১ ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।

সদস্য-২ এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস।

সদস্য-৩ (মোঃ আবুল বাশার মিয়া)
হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

২২/৫/২০১৭

সদস্য-৪ (কাজী মোঃ পেয়ারু)
রেভিনিউ অফিসার (অঃদাঃ), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।